প্রথম আলো

22 MAY 2017
পৃঃ ২ ... ৫

# ভিকারুননিসা নূনে একাদশ শ্রেণিতে ভর্তি ফলের ভিত্তিতে

নিজস্ব প্রতিবেদক ●

ফলের ভিত্তিতে একাদশ শ্রেণিতে শিক্ষার্থী ভর্তিতে সরকারি নীতিমালা ভিকারুননিসা নূন স্কুল অ্যান্ড কলেজের ক্ষেত্রে স্থগিত করে হাইকোর্ট যে আদেশ দিয়েছিলেন, তা স্থগিত করেছেন চেম্বার বিচারপতি। হাইকোর্টের আদেশ স্থগিত চেয়ে রাষ্ট্রপক্ষের করা আবেদনের শুনানি নিয়ে গতকাল রোববার চেম্বার বিচারপতি মির্জা হোসেইন হায়দার এ আদেশ দেন।

এর ফলে অন্যান্য কলেজের মতো ২০১৭ সালের ওই নীতিমালা অনুসারে মাধ্যমিকের ফলের ভিত্তিতে ভিকারুননিসা নূনে একাদশ শ্রেণিতে শিক্ষার্থী ভর্তি করতে হবে বলে জানিয়েছেন সহকারী অ্যাটর্নি জেনারেল অরবিন্দ কুমার রায়। তিনি বলেন, ছয় সপ্তাহের জন্য হাইকোর্টের আদেশ স্থগিত করা হয়েছে।

আদালতে রাষ্ট্রপক্ষে শুনানি করেন অ্যাটর্নি জেনারেল মাহবুবে আলম, সঙ্গে ছিলেন সহকারী অ্যাটর্নি জেনারেল অরবিন্দ কুমার রায়। উপস্থিত ছিলেন রিট আবেদনকারী আইনজীবী ইউনুছ আলী আকন্দ।

এসএসসির ফলের ভিত্তিতে একাদশ শ্রেণিতে শিক্ষার্থী ভর্তির বিষয়ে ৭ মে নীতিমালা জারি করে শিক্ষা মন্ত্রণালয়।